

মেরী স্টোপস বাংলাদেশ বিগত ৩০ বছর ধরে বাংলাদেশে স্বাস্থ্যসেবা প্রদানের মাধ্যমে মাতৃমৃত্যু এবং শিশুমৃত্যুর হার কমিয়ে আনার ক্ষেত্রে বিশেষ অবদান রেখেছে। মেরী স্টোপস বাংলাদেশ যুক্তরাজ্যের লন্ডনভিত্তিক আন্তর্জাতিক স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠান যা ৪টি মহাদেশের (এশিয়া, আফ্রিকা, ইউরোপ এবং ল্যাটিন আমেরিকা) ৩৭টি দেশে সেবা প্রদান করে আসছে। মেরী স্টোপস বাংলাদেশ এর অধীনে নিম্নোলিখিত জেলাসমূহে অবস্থিত ক্লিনিকে নিম্নোক্ত পদের জন্য দক্ষ ও অভিজ্ঞ কর্মী আবশ্যিক:

পদের নাম ও সংখ্যা: ফিল্ড কো-অর্ডিনেটর - (৫ জন পুরুষ)

কর্মস্থল: মেরী স্টোপস প্রিমিয়াম ম্যাটার্নিটি ক্লিনিক- ধানমন্ডি

মেরী স্টোপস ক্লিনিক- খুলনা, যশোর, ভোলা এবং রাজবাড়ী

শিক্ষাগত যোগ্যতা:

- প্রার্থীদেরকে মাস্টার্স পাশ হতে হবে।

অভিজ্ঞতা:

- মাতৃ স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠানে অথবা ফার্মাসিউটিকেলস কোম্পানীতে মার্কেটিং ও সেলস্ এ ১ বছর কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।

অন্যান্য যোগ্যতা:

- মাঠ পর্যায়ে মার্কেটিং এ কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।
- প্রার্থীদেরকে মাঠ পর্যায়ে সেবা বিপণন কাজে সংস্থার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য ফার্মেসী/গ্রাম্য ডাক্তার/ডাক্তার ও উদ্বিষ্ট জনগোষ্ঠীর সাথে সুসম্পর্ক তৈরীর মানসিকতা থাকতে হবে।
- প্রার্থীদেরকে স্মার্ট, উদ্যোগী ও কর্মঠ হতে হবে।
- বৈধ লাইসেন্সসহ মোটর সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

বেতন ও অন্যান্য সুবিধা:

- আলোচনা সাপেক্ষে।

আগ্রহী প্রার্থীদেরকে দুইকপি পাসপোর্ট সাইজের ছবি, দুইজন পরিচয়দানকারীর (অনাত্মীয়) নাম, ঠিকানা সহ [যার একজনকে অবশ্যই পূর্বের/বর্তমান কর্মস্থলের হতে হবে] পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত অথবা মেরী স্টোপস বাংলাদেশ এর নির্ধারিত **CV** ফরমে প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও প্রশিক্ষণের কাগজপত্রসহ আগামী ২০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে মহা-ব্যবস্থাপক, মানব সম্পদ ও প্রশাসন, মেরী স্টোপস বাংলাদেশ, বাড়ী # ৬/২, ব্লক # এফ, কাজী নজরুল ইসলাম রোড, লালমাটিয়া হাউজিং এস্টেট, ঢাকা - ১২০৭ ঠিকানায় পাঠাতে অনুরোধ করা যাচ্ছে। **CV** ফরম পাওয়া যাবে {<https://mariestopes.org.bd/join-our-team/>} or [Download job application form](#) এই লিংকে।

আবেদনপত্র ও খামের উপর প্রার্থিত পদ ও কর্মস্থলের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

মেরী স্টোপস বাংলাদেশ এ কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

মেরী স্টোপস বাংলাদেশ কর্মক্ষেত্রে সুষ্ঠু ও সহায়ক কর্ম পরিবেশ নিশ্চিত করতে বদ্ধপরিকর।

N:B: যে কোন ধরনের তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে।